গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয় ,কক্সবাজার
রাজস্ব শাখা
www.coxsbazar.gov.bd

স্মারক নং-০৫.২০.২২০০.১২৮.০১.০৫৫.২০২৫- ১৪৭৮

তারিখ : ২৪/০৭/ ১৪৩২ বঙ্গাব্দ
১০/১১/ ২০২৫ খ্রিষ্টাব্দ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ এর ০৪ এপ্রিল, ২০২৪ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০২৯.১৯.৩৮২ নং স্মারক এবং ১০ জুলাই, ২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০২৯.১৯.৪০০ নং স্মারক পত্রের প্রেক্ষিতে কক্সবাজার জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব প্রশাসনের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের জন্য জাতীয় বেতন স্কেল, ২০১৫ মোতাবেক অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত কক্সবাজার জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত চাকরির আবেদনের নির্ধারিত ফরমে নিম্নলিখিত শর্তে অনলাইনে (https://dccox.teletalk.com.bd) ওয়েবসাইট এ দরখাস্ত আহবান করা যাচ্ছে। **অনলাইন ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।**

| দপ্তরের নাম | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার | অফিস সহায়ক | ২১ (একুশটি) | গ্রেড-২০<br>৮২৫০ - ২০০১০/- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ন; |

আবেদনের শর্তাবলিঃ

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও কক্সবাজার জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে;
০২। **প্রার্থীর বয়সসীমা ২০.১১.২০২৫ খ্রি. তারিখে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে।** বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;
০৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সর্বশেষ কোটা নীতি অনুসরণ করা হবে;
০৪। অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রূটিপূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/ প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালীন যে কোন পর্যায়ে বা নিয়োগপ্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;
০৫। এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদসমূহ পূরণে **"ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১"** অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে;
০৬। চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে;
০৭। কোন কারন দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলি পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন;
০৮। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ ও তদবীর প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না;
০৯। উপর্যুক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে লিখিত পরীক্ষায় এবং লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহবান করা হবে;
১০। মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সকল প্রকার সনদপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে;
ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে);
খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ প্রশাসক/পৌরসভার মেয়র/ প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র;
গ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ;
ঘ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র;
ঙ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;
চ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;
ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/ জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর পরিচয় বিষয়ক সনদপত্র;
জ) প্রার্থীকে তার কোটা দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সনদ;
ঝ) ডাউনলোডকৃত Applicant copy;
ঞ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি;

১১। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলি প্রযোজ্য হবে;
১২। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থিত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না;
১৩। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না;

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:**

১৪। ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি https://dccox.teletalk.com.bd এই ওয়েবসাইটে নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

i. **Online- এ আবেদনপত্র গ্রহণ শুরুর তারিখ : ২০.১১.২০২৫ খ্রি. সকাল ১০.০০ টা এবং**
ii. **Online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ১৯.১২.২০২৫ খ্রি. বিকাল ৫.০০ টা**

উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন;

খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) এবং রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন;
গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র প্রেরন করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন;
ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন;
ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন হলে প্রার্থী একটি User ID ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রঙিন print করে সংরক্ষণ করবেন।
Applicant's copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থীকে নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/-(ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা জমা দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে "Online-এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না";
প্রথম SMS: DCCOX<space> User ID লিখে send করতে হবে 16222 নম্বরে
Example: DCCOX ABCDEF & send to 16222
দ্বিতীয় SMS: DCCOX<space>Yes<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে
Example: DCCOX Yes 12345678 & send to 16222
চ) প্রবেশপত্রঃ প্রাপ্তির বিষয়টি https://dccox.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়;
ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন;
জ) শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন;

i. User ID জানা থাকলে DCCOX<space> Help<space>User <space>User ID & send to 16222
Example: DCCOX Help User ABCDEF & send to 16222
ii. PIN Number জানা থাকলে DCCOX<space> Help<space>PIN<space>PIN No & send to 16222
Example: DCCOX Help PIN 12345678 & send to 16222

ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার এর Website: www.coxsbazar.gov.bd এ দেখা যাবে।

অথবা QR Code স্ক্যানের মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.coxsbazar.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে;

ঞ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না;

চলমান পাতা-০৩

ট) Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd বা www.coxsbazar.gov.bd-তে ই-মেইল যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর subject-এ Organization Name: DCCOX'SBAZAR, Post Name, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

ঠ) ডিক্লারেশন : প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাঃ/-
মোঃ আঃ মান্নান
জেলা প্রশাসক
কক্সবাজার
ফোন ঃ-০২৩৩৪৪-৬২২০০
e-mail: dccoxsbazar@mopa.gov.bd

স্মারক নং-০৫.২০.২২০০.১২৮.০১.০৫৫.২০২৫- ৩৪৭৮-(১০)

তারিখ : ২৪/০৭/১৪৩২ বঙ্গাব্দ
১০/১১/২০২৫ খ্রিষ্টাব্দ

**অনুলিপি: সদয় অবগতির জন্য: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
০৫। কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৬। জেলা প্রশাসক.....................(সকল)

**অনুলিপি: অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। পুলিশ সুপার, কক্সবাজার
০২। সিভিল সার্জন, কক্সবাজার
০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কক্সবাজার
০৪। মেয়র/ প্রশাসক .....................(সকল), কক্সবাজার
০৫। চেয়ারম্যান/ প্রশাসক, উপজেলা পরিষদ.....................(সকল), কক্সবাজার
০৬। উপজেলা নির্বাহী অফিসার.....................(সকল), কক্সবাজার
০৭। সহকারী কমিশনার (ভূমি).....................(সকল),কক্সবাজার
০৮। দপ্তর প্রধান.....................(সকল) [ তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো ]
০৯। সহকারী কমিশনার, শিক্ষা ও আইসিটি শাখা, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১০। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কক্সবাজার
১১। জেলা তথ্য অফিসার, কক্সবাজার
১২। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, ----------------, ঢাকা উক্ত বিজ্ঞাপনটি ১৯-১১-২০২৫ খ্রি.তারিখের মধ্যে ৯×৬ সাইজের ভিতরের পাতায় ০১ (এক) দিনের জন্য তার বহুল প্রচারিত পত্রিকায় প্রকাশ করে ০৫ (পাঁচ) কপি জেলা প্রশাসক,কক্সবাজার বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো
১৩। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, ----------------, কক্সবাজার উক্ত বিজ্ঞাপনটি ১৯-১১-২০২৫ খ্রি.তারিখের মধ্যে ০১(এক) দিনের জন্য পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে প্রকাশ করে পত্রিকার ০৫(পাঁচ) কপি জেলা প্রশাসক, কক্সবাজার বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৪। নোটিশ বোর্ড/অফিস কপি

১০/১১/২০২৫
জেলা প্রশাসক
কক্সবাজার